

১) ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : $১ \times ৩ = ৩$

১.১) মাটির একটি স্বাভাবিক উপাদান হলো -

(ক) প্লাস্টিকের কুচি

(খ) অ্যালুমিনিয়ামের টুকরো

(গ) কাগজের কুচি

(ঘ) ঘাসের টুকরো

উত্তর: (ঘ) ঘাসের টুকরো

১.২) নীচের যেটির জল ধরে রাখার ক্ষমতা সবচেয়ে বেশি সেটি হলো -

(ক) এঁটেল মাটি

(খ) বেলে মাটি

(গ) দোআঁশ মাটি

(ঘ) ইটের টুকরো

উত্তর: (ক) এঁটেল মাটি

১.৩) নীচের যেটির সাহায্যে মাটির নমুনাকে পরীক্ষা করা যায় সেটি হলো -

(ক) আয়না

(খ) স্টেথোস্কোপ

(গ) আতশকাচ

(ঘ) দুরবিন

উত্তর: (গ) আতশকাচ

২) একটি বাক্যে উত্তর দাও : $১ \times ৩ = ৩$

২.১) একটি রাসায়নিক পদার্থের নাম লেখো যা জল শোধনে ব্যবহার করা হয়।

উত্তর: জল শোধনে ব্যবহার করা হয় এমন একটি রাসায়নিক পদার্থ হলো পটাশিয়াম পারম্যাঙ্গানেট।

২.২) তোমার চেনা একটি রাসায়নিক বিক্রিয়ার কথা লেখো।

উত্তর: আমার চেনা একটি রাসায়নিক বিক্রিয়া - দুধের মতো তরল পদার্থে লেবুর রসের মতো টক কিছু মেশালে দুধ কেটে ছানা হয়ে যায়।

২.৩) বৃষ্টির জল ধরে সেই দিয়ে করা যাবে এমন একটি কাজের কথা লেখো।

উত্তর: বৃষ্টির জল ধরে রেখে তা দিয়ে আমরা বাসন মাজা, ঘর মোছা, এমন কি গাছেও সেই জল ব্যবহার করতে পারি।

৩) একটি বা দুটি বাক্যে উত্তর দাও : $২ \times ৩ = ৬$

৩.১) পলিথিনের টুকরো কীভাবে মাটির ক্ষতি করে?

উত্তর: পলিথিন বা প্লাস্টিক হলো এমন একটি পদার্থ যা দীর্ঘদিন হয়ে গেলেও পঁচে না, ভাঙে না, বা মাটির সাথে মিশে যায় না। এইসব পলিথিন জাতীয় জিনিস মাটিকে

আলো বাতাস এর থেকে বঞ্চিত রাখে। ফলে গাছের শিকড় মাটির গভীর পর্যন্ত পৌঁছতে পারে না এবং মাটি তার ভারসাম্য হারিয়ে ফেলে ও অনুর্বর হয়ে পড়ে।

৩.২) কী কী উপায়ে মাটির উর্বরতা বাড়ানো যায়?

উত্তর: মাটির উর্বরতা বাড়ানোর উপায় গুলি নিম্নে আলোচনা করা হলো --

- ১) মাটিতে লিগুমিনাসি গোত্রের ডাল জাতীয় শস্য বা শস্য ছাড়া ধইঞ্চা মাটির উর্বরতা বাড়াতে সাহায্য করে।
- ২) ভূমিক্ষয় রোধ ও সুষম মাত্রায় সার প্রয়োগ করলে মাটির উর্বরতা বাড়ানো সম্ভব।
- ৩) মাটিতে কেঁচোর মতো সজীব উপাদান গুলোর সংখ্যা বজায় রাখতে হবে।
- ৪) মাটিতে প্রয়োজনীয় সার গুলো মেশাতে হবে। যেমন -ফসফেট ,কম্পোস্ট নাইট্রোজেন ,জৈব সার ইত্যাদি।

৩.৩) কী ধরনের মাটি ধান চাষের পক্ষে ভালো?

উত্তর: এঁটেল মাটি ও দোয়াশ মাটি চাষের পক্ষে উপযোগী। কারণ এসব মাটির জল ধারণ ক্ষমতা খুব বেশি হয়। আর যেসব মাটির জল ধারণ ক্ষমতা বেশি সেই মাটিতে ধান চাষ খুব ভালো হয়।

৪) দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও : $১ \times ৩ = ৩$

৪.১) পুকুরের জল পরিষ্কার রাখতে কী কী নিষেধাজ্ঞা জারি করা উচিত?

উত্তর: পুকুরের জল পরিষ্কার রাখতে যে যে নিষেধাজ্ঞা জারি করতে হবে বা যেসব নিয়ম গুলো মেনে চলতে হবে সেগুলো নিচে আলোচনা করা হলো --

- ১) পুকুরের জলে কোনোরকম নোংড়া আবর্জনা ফেলা যাবে না।

২) পুকুরের জলে গবাদি পশুর স্নান করা বন্ধ করতে হবে।

৩) পুকুরের পাশে বড়ো গাছ পালা থাকতে দেওয়া যাবে না। কারণ সেই গাছপালার পাতা পুকুরের জলে পরে এবং পুকুরের জল নোংড়া হয়।

৪) পুকুরের জলে বাসন মাজা, কাপড় কাঁচা, স্নান করা ইত্যাদি কাজ গুলো বন্ধ করতে হবে।

৫) পুকুরের সাথে অন্য কোনো ড্রেন বা নালা মেশানো যাবে না।

৬) পুকুরের পাশ্ববর্তী জমিতে সার প্রয়োগ করলে সেই সার যাতে পুকুরের জলে কোনো ভাবে না আসে তার জন্য সতর্কতা জারি করতে হবে।